

# সেনেগাল প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

24শে আগস্ট, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৫তম ব্রিকস শীর্ষ সম্মেলনের ফাঁকে ২৪শে আগস্ট ২০২৩ এ জোহানেসবার্গে সেনেগাল প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মহামান্য মিঃ ম্যাকি সলের সঙ্গে সাক্ষাৎ করেন।

বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, জ্বালানি, খনি, কৃষি, ফার্মাসিউটিক্যালস, রেলওয়ে, সক্ষমতা বৃদ্ধি, সংস্কৃতি এবং জনগণের মধ্যে সম্পর্কসহ বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক অংশীদারিত্ব আরও গভীর করার উপায় নিয়ে উভয় নেতা ফলপ্রসূ আলোচনা করেন।

৩. প্রধানমন্ত্রী ভয়েস অফ গ্লোবাল সাউথ সামিটে অংশগ্রহণের জন্য এবং গত বছর আফ্রিকা ইউনিয়নে তাঁর বলিষ্ঠ নেতৃত্বের জন্য রাষ্ট্রপতি সলের প্রশংসা করেন।

৪. চন্দ্রযান মিশনের সাফল্যের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান রাষ্ট্রপতি সাল এবং জি-২০-তে আফ্রিকান ইউনিয়নের স্থায়ী সদস্যপদের জন্য ভারতের প্রচেষ্টার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি উন্নয়নশীল বিশ্বের অগ্রাধিকারের পক্ষে প্রধানমন্ত্রীর নেতৃত্বের প্রশংসা করেন এবং ভারতের সভাপতিত্বে আসন্ন জি-২০ শীর্ষ সম্মেলনের সাফল্যের জন্য তাঁর শুভকামনা জানান।

জোহানেসবার্গ

24শে আগস্ট, 2023